

AP-2
6/2/15

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৬ (অংশ-২) / ৩০৮-

তারিখ : ০৮.১২.২০১৬ খ্রিঃ

৩৪তম বিসিএস এর নন-ক্যাডার পদের প্রার্থী জনাব অরুণ কুমার পাল, রেজিস্ট্রেশন নম্বর- ২১১৫৩৮, BPSC Form-1 এ নিজেকে female দাবী করে মিথ্যা/ভুল তথ্য প্রদান করেছেন। যা ৩৪তম বিসিএস এর বিজ্ঞাপনের ৩২ নং অনুচ্ছেদের শর্ত, আবেদনপত্র/প্রার্থিতা বাতিলের কারণ সংবলিত ০৮.০১.২০১৩ তারিখে জারিকৃত ৮০.৪০৬.০১৮.০০.০০.০২০.২০১০.৩৩৯ নং নোটিফিকেশনের ১৫ নং অনুচ্ছেদের শর্ত এবং BPSC Form-1 এ প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশনের শর্ত অনুযায়ী প্রার্থিতা বাতিলসহ শাস্তিযোগ্য অপরাধ। প্রার্থী কর্তৃক BPSC Form-1 এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে গত ০৮.০৮.২০১৬ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৬-২০৩ নং প্রেস বিজ্ঞপ্তিতে প্রকাশিত ফলাফলে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন ২য় শ্রেণির কর পরিদর্শক পদের সাময়িক সুপারিশ চূড়ান্ত করার সময় সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষাতে মিথ্যা/ভুল তথ্য প্রদানের বিষয়টি কমিশনের গোচরীভূত হয়। বর্ণিতাবস্থায়, আবেদনপত্রে (BPSC Form-1) ভুল/মিথ্যা তথ্য প্রদান করায় ৩৪তম বিসিএস এর নন-ক্যাডার ২য় শ্রেণির কর পরিদর্শক পদে গত ০৮.০৮.২০১৬ তারিখে ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৬-২০৩ নং প্রেস বিজ্ঞপ্তিতে প্রকাশিত জনাব অরুণ কুমার পাল, রেজি: নম্বর-২১১৫৩৮ এর কর পরিদর্শক পদের সাময়িক ফলাফল উক্ত প্রেস বিজ্ঞপ্তির ২নং অনুচ্ছেদের শর্তানুযায়ী সরকারী কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে।



(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৬ (অংশ-২)

তারিখ : ১২.২০১৬ খ্রিঃ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)। প্রেস বিজ্ঞপ্তির ৪ টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৪. বার্তা সম্পাদক,
বিষয়টি আপনার চ্যানেল-এ মূল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইট-এ প্রেস বিজ্ঞপ্তি আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।



(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)